

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৯৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিমন্ত্রিত ব্যক্তির কেউ সাথী হলে সে নিমন্ত্রণদাতাকে কী বলবে?

আরবী

عَن أَبِيْ مَسعُودِ البَدْرِيِّ قَالَ: دَعَا رَجُلُ النَّبِيُّ عَلَيْ لِطَعَامِ صَنَعَهُ لَهُ خَامِسَ خَمْسَةٍ فَتَبِعَهُمْ رَجُلٌ فَلَمَّا بَلَغَ البَابَ قَالَ النَّبِيُّ عَلَيْ إِنَّ هٰذَا تَبِعَنَا فَإِنْ شِئْتَ أَنْ تَأْذَنَ لَهُ وَإِنْ شِئْتَ رَجُعُ قَالَ: بِلَ آذَنُ لَهُ يَا رَسُوْلَ اللهِ متفقٌ عَلَيْهِ

বাংলা

(৩০৯৭) আবূ মাসউদ বদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে খাবারের জন্য দাওয়াত দিল, যা সে পাঁচ জনের জন্য প্রস্তুত করেছিল, যার পঞ্চম ব্যক্তি ছিলেন তিনি। (রাস্তায়) এক (অনাহূত) ব্যক্তি তাঁদের অনুগামী হল। যখন তাঁরা বাড়ির দরজায় পৌঁছলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আমন্ত্রণকারীকে) বললেন, এ ব্যক্তি আমাদের সাথে চলে এসেছে। তুমি চাইলে ওকে অনুমতি দিতে পার, না চাইলে ও ফিরে যাবে। কিন্তু সে বলল, 'হে আল্লাহর রসূল! বরং আমি তাকে অনুমতি দিলাম।'

ফুটনোট

(বুখারী ২০৮১, মুসলিম ৫৪২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন